# 193281 - আল্লাহ্র মাস 'মুহররম'-এ বয়িে করা মাকরূহ হওয়া মর্মে যে সব কথাবার্তা ছড়ানো হচ্ছে

প্রশ্ন

'মুহররম' মাসে বয়িে করা কি মাকরূহ; যমেনটি আমি কিছু লোকেরে কাছে শুনছে?

প্রয়ি উত্তর

আলহামদু লল্লিাহ।.

'মুহররম' মাসে তথা যে মাসটি চন্দ্র বছররে প্রথম মাস; সে মাসে বয়িে করতে বা বয়িরে প্রস্তাব দতিে কোন অসুবধিা নাই। এটি মাকরূহও নয়; হারামও নয়। এ সংক্রান্ত অনকে দললিরে কারণে:

এক:

বধৈতা ও দায়মুক্ততার মূল বধিানরে ভত্তিতিে; যে ক্ষত্রেে এমন কোন দললি উদ্ধৃত হয়নি যা মূল বধিানকে পরবির্তন করতে পারে। আলমেদরে মাঝে মতক্যৈপূর্ণ একটি নীতি হল: "অভ্যাস ও কর্মগুলোর মূল বধিান হল বধৈতা; যতক্ষণ না নষিদ্ধিতার দললি উদ্ধৃত হয়"। যহেতেু কুরআন-হাদসি, আলমেদরে ইজমা-কয়িাসে এবং সলফে সালহেীনদরে উক্তিতে এমন কছিু উদ্ধৃত হয়নি যা 'মুহররম' মাসে বয়িে করতে বাধা দয়ে; সুতরাং মূল বধৈতার বধিানরে উপর আমল করা হবে ও ফতোয়া দওেয়া হবে।

দুই:

বধৈতার পক্ষে আলমেগণরে ইজমা রয়ছে; নদিনে পক্ষে সটো ইজমা সুকুতী (নরিবতামূলক ইজমা)। যহেতেু আমরা সাহাবায়ে করোম, তাবয়েীন, গ্রহণযোগ্য ইমাম এবং আমাদরে যামানা পর্যন্ত তাদরে অনুসরণকারী পূর্বসূরি ও উত্তরসূরি এমন কোন আলমে পাইনি যিনি 'মুহররম' মাসে বয়িে করাকে বা বয়িরে প্রস্তাব দয়োকে' হারাম বলছেনে কংিবা মাকরূহ বলছেনে।

যে ব্যক্তি এ মাসে বয়িে করা থকেে বারণ করনে তার কথা বাতলি ও অশুদ্ধ হওয়ার জন্য দললি হসিবেে এটাই যথষ্টে যে এটি এমন ফতোয়া যটোর পক্ষে কোন দললি নাই এবং কোন আলমেরে বক্তব্য নাই।

তনি:

'মুহররম' মাস একটি সম্মানতি ও মর্যাদাবান মাস। এ মাসরে ফযলিতরে ব্যাপারে উদ্ধৃত হয়ছে নবী সাল্লাল্লাহু আলাইহি

ওয়া সাল্লামরে বাণী: "রমযান মাসরে পর সবচয়েে উত্তম হচ্ছে মুহররম মাসরে রোযা।"[সহহি মুসলমি (১১৬৩)]

যে মাসকে আল্লাহ্নজিরে দকিে সম্বোধতি করছেনে (شهر الله المحرم–আল্লাহ্র মুহররম মাস) এবং যে মাসে রোযা রাখা অন্য মাসে রোযা রাখার চয়েে অধকি সওয়াবপূর্ণ এমন মাসে এ ধরণরে কাজরে ক্ষত্রেে বরকত ও মর্যাদা সন্ধান করা যুক্তযিুক্ত। এমন মাসে বষিাদগ্রস্ত থাকা, বয়িে করতে ভয় পাওয়া ও বয়িে করাকে অশুভ মনে করা ঠকি নয়; যা হচ্ছে জাহলেী কুসংস্কার।

চার:

যদি কিউে এই বলে দললি দতিে চায় য,ে এ 'মুহররম' মাস হচ্ছে এমন মাস যে মাসে হুসাইন বনি আলী (রাঃ) শাহাদাত বরণ করছেনে; যমেনটি কিছু রাফযেরিা করে থাক;ে তাহলে তাকে বলা হব:ে নঃিসন্দহেে তাঁর শাহাদাতরে দনি ইসলামরে ইতহিাসে একটি অপূরণীয় ক্ষতরি দনি। কনি্তু তা সত্ত্বওে সটো সইে দনিে বয়িে করা বা বয়িরে প্রস্তাব দয়ো হারাম হওয়াকে আবশ্যক করে না। আমাদরে শরয়িতে প্রতি বছর বষিাদকে নবায়ন করা ও শোককে এভাবে জারী রাখা যাতে করে সটো আনন্দরে প্রকাশককে বাধাগ্রস্ত করে এমন কছিু নাই।

যারা এমন বক্তব্য দচি্ছনে আমাদরে এ অধকিার রয়ছেে য,ে তাদরেকে জজ্ঞিসে করব: যইে দনি রাসূলুল্লাহ্সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মারা গছেনে সইে দনি কি উম্মতে মুসলমিার উপর এর চয়েে বড় মুসীবত অবতীর্ণ হয়ন!ি তাহলে সইে গোটা রবউিল আউয়াল মাসে কনে বয়িে করা হারাম করা হয় না?! কোন সাহাবী থকে,ে নবী পরবিাররে কোন সদস্য থকেে কংিবা তাদরে পরবর্তী কোন আলমে থকেে এটি হারাম হওয়া বা মাকরূহ হওয়ার মর্মে কোন উদ্ধৃতি বর্ণতি হল না কনে!!

এভাবে আমরা যদি যইে দনিই কোন নবী পরবিাররে সদস্য বা অন্যদরে মধ্য থকেে কোন বড় ইমামরে মৃত্যুতে বা শাহাদাতরে প্রক্ষেতিে আমরা শোককে নবায়ন করতে থাকি তাহলে আনন্দ ও খুশরি দনি ও মাসগুলো সংকীর্ণ হয়ে যাবে এবং মানুষ এমন সংকটে পড়ে যাবে যা থকেে উত্তরণরে শক্তি তাদরে নাই। কোন সন্দহে নাই ধর্মীয় ক্ষত্রেে নতুন প্রবর্তনরে অনষ্টি সর্বপ্রথম প্রবর্তনকারীদরে উপরে বর্তায়; যারা শরয়িতরে বরখলোফ করে এবং শরয়িত পরপিূর্ণ হওয়া ও আল্লাহ্র মনোনীত হওয়া সত্ত্বওে তারা এতে সংশোধনী দতিে আস।ে

কোন কোন ঐতহিাসকি উল্লখে করছেনে য,ে যে ব্যক্তি সর্বপ্রথম এ অভমিত প্রকাশ করছেনে; বরং সর্বপ্রথম যে ব্যক্তি মুহররম মাসরে শুরুতে শোকাবহ দৃশ্যগুলো নবায়ন করার প্রথা চালু করছেনে তনিি হচ্ছনে- শাহ ইসমাইল আস-সাফাভী (৯০৮-৯৩০হঃি)। ঠকি যমেনটি উল্লখে করছেনে ড. আলী আল-ওয়ারদি "লামহাতুন ইজতমিাইয়্যা ফি তারখিলি ইরাক্ব" গ্রন্থে (১/৫৯): শাহ ইসমাইল শয়িা মতবাদ প্রচাররে ক্ষত্রেে কবেল ভীতি প্রদর্শনরে মধ্যে ক্ষান্ত থাকনে;ি বরং আরও একটি মাধ্যম গ্রহণ করছেনে। সটো হচ্ছে প্রচারণা ও তুষ্টকরণরে মাধ্যম। তনিি হুসাইন (রাঃ) এর হত্যা-বার্ষকিী উদযাপনরে নর্দিশে দনে ঠকি যে পদ্ধততিে বর্তমানে পালতি হচ্ছে সে পদ্ধততি।ে ইতপিূর্বে হজিরী চতুর্থ শতকে বাগদাদে বুওয়াইহদি

(Buwayhid) রাজাগণ এ অনুষ্ঠান উদযাপন করা শুরু করছেলিনে। কন্িতু তাদরে পরবর্তীতে এটি উপক্ষেতি হয় এবং এর গুরুত্ব হ্রাস পায়। অবশষেে এলনে শাহ ইসমাইল। তনিি এ অনুষ্ঠানরে আরও উন্নয়ন করনে, এর সাথে তাযয়িা (শোক)-র বঠৈকগুলো যুক্ত করনে; যাতে করে এ অনুষ্ঠান দলিরে উপর শক্তশিালী প্রভাব তরৈী কর।ে এ কথা বললওে ঠকি হবে যে: ইরানে শয়িা মতবাদরে বস্িতার লাভে এটাই ছলি প্রধান চালকাশিক্ত।ি কনেনা এর মধ্যে বষিাদ ও কান্নার বহঃিপ্রকাশ, ব্যাপক হারে পতাকা উড়ানো ও তবলা বাজানো ইত্যাদি কর্মগুলো অন্তররে গভীরে বশি্বাসকে প্রোথেতি করে এবং হৃদয়রে প্রচ্ছন্ন তন্ত্রীগুলোর উপর আঘাত হান।ে"[সমাপ্ত]

পাঁচ:

কোনে কোনে ঐতহিাসকি ফাতমিা (রাঃ) এর সাথে আলী (রাঃ) এর ববিাহ হজিরী তৃতীয় সালরে প্রথম দকিে অনুষ্ঠতি হওয়ার অভমিতকে প্রাধান্য দয়িছেনে।

ইবনে কাছরি (রহঃ) বলনে:

"ইবনে মানদা" রচতি 'আল-মারফিা' গ্রন্থ থকেে বাইহাকী উদ্ধৃত করছেনে য,ে আলী (রাঃ) ফাতমিা (রাঃ) কে বয়িে করছেনে হজিরতরে এক বছর পর এবং তার সাথে ঘর সংসার শুরু করছেনে অন্য বছর। অতএব, আলী (রাঃ) ফতমিা (রাঃ) এর সাথে বাসর করছেনে তৃতীয় হজিরীর প্রথম দকি।ে"["আল-বদিায়া আন্-নহিায়া" (৩/৪১৯) থকেে সমাপ্ত]

এ মাসয়ালায় আরও কছিু কথাবার্তা রয়ছে।ে কন্িতু এখানে গুরুত্বপূর্ণ হল কোনে আলমে মুহররম মাসে বয়িে করার বপিক্ষে বলনেন।ি বরং যে ব্যক্তি মুহররম মাসে বয়িে করবে তার জন্য আমীরুল মুমনেীন আলী (রাঃ) ও তাঁর স্ত্রী রাসূলুল্লাহ্সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামরে কণ্যা সাইয়্যদো ফাতমিা (রাঃ) এর ববিাহরে উত্তম আদর্শ রয়ছে।ে

আল্লাহ্ই সর্বজ্ঞ।